সংবাদ

তারিখ 13 DEC 2016

পৃষ্ঠা ২ কলাম ৩

# রাজধানীতে সরকারি হাইস্কুলে ভর্তির আবেদনের সময় শেষ

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর ৩৫টি সরকারি হাইস্কুলে অনলাইনে ভর্তি আবেদন গতকাল রাত ১২টায় শেষ হয়েছে। এসব স্কুলে প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত প্রায় দশ হাজার আসন শূন্য রয়েছে। এর বিপরীতে গতকাল সন্ধ্যা ৬টা পর্যন্ত প্রায় ৬৫ হাজার আবেদন জমা পড়ে। তবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদফতরের কর্মকর্তারা জানিয়েছেন, বাকি ছয় ঘণ্টায় আরও কয়েক হাজার আবেদন জমা পড়বে। এ হিসেবে এক আসনের বিপরীতে লড়বে সাতজন শিক্ষার্থী।

জানা যায়, গত ৩০ নভেম্বর রাত ১২টায় এই আবেদন শুরু হয়। সারাদেশের জেলা পর্যায়ের স্কুলগুলোতে এবার অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। যেসব উপজেলায় বিদ্যুৎ ও ইন্টারনেট সেবা পর্যাপ্ত রয়েছে সেগুলোর সরকারি : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## সরকারি : হাইস্কুলে

(১ম পৃষ্ঠার পর)

আবেদনও অনলাইনে গ্রহণ করা হয়েছে। আবেদন ফি ১৫০ টাকা পরিশোধ করতে হয়েছে টেলিটক মোবাইলের মাধ্যমে। মাউশি অধিদফতরের উপ-পরিচালক (মাধ্যমিক) একে মোস্তফা কামাল গতকাল সন্ধ্যায় বলেন, 'রাত ১২টা পর্যন্ত আবেদনের সংখ্যা আরও বাড়বে। তবে যারা আবেদন করেছে কিন্তু টাকা জমা দিতে পারেনি তারা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত টাকা পরিশোধের সুযোগ পাবেন। আর যারা আবেদন করলেও এখনও প্রবেশপত্র নিতে পারেননি তারা কাল (আজ) দুপুর পর্যন্ত তা অনলাইনে গিয়ে প্রিন্ট করে নিতে পারবেন।' ঢাকা ৩৫টি সরকারি হাইস্কুলের মধ্যে প্রথম শ্রেণী রয়েছে ১৪টি স্কুলে। সব মিলিয়ে ৩৫টি স্কুলে শূন্য আসন সংখ্যা প্রায় দশ হাজার। তবে প্রথম শ্রেণী থাকা ১৪টি স্কুলে আসন সংখ্যা তিন হাজারের উপরে। বিগত বছরের মতো এবারও ৩৫টি স্কুলকে তিনটি গুচ্ছে ভাগ করা হয়েছে। একজন শিক্ষার্থী একটি গুচ্ছের একটি স্কুলেই আবেদন করতে পেরেছে। 'এ' গুচ্ছের ভর্তি পরীক্ষা ১৭ ডিসেম্বর, 'বি' গ্রুপের ১৮ ডিসেম্বর ও 'সি' গ্রুপের পরীক্ষা ১৯ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। প্রথম শ্রেণীতে ভর্তি লটারি অনুষ্ঠিত হবে ২৪ ডিসেম্বর। এছাড়া দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে ৫০ নম্বরের এক ঘণ্টার ভর্তি পরীক্ষা নেয়া হবে। চতুর্থ থেকে অষ্টম শ্রেণীতে ১০০ নম্বরের ২ ঘণ্টার পরীক্ষা নেয়া হবে। আর জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতে নবম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করা হবে। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে বাংলা ১৫, ইংরেজি ১৫ ও গণিতে ২০ নম্বর করে মোট ৫০ নম্বরের এক ঘণ্টার এবং অন্যান্য শ্রেণীতে বাংলা ৩০, ইংরেজি ৩০ ও গণিতে ৪০ নম্বর করে মোট ১০০ নম্বরের ২ ঘণ্টার পরীক্ষা নেয়া হবে।